

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 April, 2025

জামালপুরের বকশীগঞ্জ মসজিদের জমি অবৈধভাবে দখল করে দোকান ঘর নির্মাণ ও কবরস্থানের জমি বিক্রির প্রতিবাদে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৯ এপ্রিল) দুপুরে বাউজোড় ইউনিয়নের বীরগাঁও মধ্যপাড়া এলাকাবাসীর উদ্যোগে হাছিনা গাজী বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে ওই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

মানববন্ধনে বক্তব্য রাখেন সহকারী শিক্ষক গোলাম মোস্তফা, মওলানা ছাইদুর রহমান, মসজিদ কমিটির সাধারণ সম্পাদক হারুনুর রশিদ, কোষাধ্যক্ষ বেলাল হোসেন।

মানববন্ধনে বক্তারা বলেন, স্থানীয় ইউসুফ আলী ও আবদুল জলিল নামে দুই ব্যক্তি বীরগাঁও মধ্যপাড়া জামে মসজিদের ওয়াকফকৃত জমি দখল করে দোকান ঘর নির্মাণ করেন। তাদের বার বার বলা হলেও তারা দখল ছেড়ে দেন নি।

এছাড়াও মসজিদ সংলগ্ন কবরস্থানের জমি অন্যত্র বিক্রি করে দেন কবরস্থানে দান করা জমির মালিক আবদুল জলিল।

এরই প্রতিবাদে স্থানীয় এলাকাবাসী ওই মানববন্ধন করেন। এলাকাবাসী মসজিদের জমি উদ্ধারে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করেন। একই সঙ্গে কবরস্থানের জমি বিক্রি করায় আবদুল জলিলের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:14

URL: <https://www.timestodaybd.com/public/across-the-country/1046194432>